ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯৭২
বিলোনীয়া, ৩১ মে, ২০২৫

**দিব্যাঙ্গজনদের সহায়ক যন্ত্র প্রদান**

দিব্যাঙ্গজনদের কল্যাণে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প রয়েছে। এরমধ্যে অ্যাসিস্টেন্ট টু ডিসেবল পার্সনস ফর এইডস এন্ড অ্যাপ্লায়েন্সেস এই কেন্দ্রীয় প্রকল্পে দিব্যাঙ্গজনদের মধ্যে কৃত্রিম অঙ্গ ও সহায়ক যন্ত্র প্রদান করা হয়। এ প্রকল্পে রাজনগর ব্লক এলাকায় মোট ৮৯ জন এবং ভারত চন্দ্রনগর ব্লক এলাকায় মোট ৬২ জন দিব্যাঙ্গজন উপকৃত হয়েছেন। রাজনগরস্থিত সুসংহত শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****